# আল-আনকাবূত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯ : ৫০

## আরবি মূল আয়াত:

وَ قَالُوا لَو لَا اُنزِلَ عَلَيهِ اٰيٰتٌ مِّن رَّبِّهٖ ؕ قُل اِنَّمَا الاٰيٰتُ عِندَ اللّٰهِ ؕ وَ اِنَّمَا اَنَا نَذِيرٌ مُّبِينٌ ﴿۵۰﴾

## অনুবাদসমূহ:

আর তারা বলে, ‘তার কাছে তার রবের পক্ষ থেকে নিদর্শনসমূহ নাযিল হয় না কেন’? বল, ‘নিদর্শনসমূহ তো আল্লাহর কাছে, আর আমি তো কেবল একজন প্রকাশ্য সতর্ককারী’। — আল-বায়ান

তারা বলে- তার কাছে তার প্রতিপালকের নিকট হতে কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন? বল, নিদর্শন তো আছে আল্লাহর কাছে, আমি কেবল একজন সুস্পষ্ট সতর্ককারী। — তাইসিরুল

তারা বলেঃ রবের নিকট হতে তার প্রতি নিদর্শন প্রেরিত হয়না কেন? বলঃ নিদর্শন আল্লাহর ইচ্ছাধীন, আমিতো একজন প্রকাশ্য সতর্ককারী মাত্র। — মুজিবুর রহমান

But they say, "Why are not signs sent down to him from his Lord?" Say, "The signs are only with Allah, and I am only a clear warner." — Sahih International

৫০. তারা আরও বলে, তার রব এর কাছ থেকে তার কাছে নিদর্শনসমূহ নাযিল হয় না কেন? বলুন, নিদর্শনসমূহ তো আল্লাহরই কাছে। আর আমি তো একজন প্রকাশ্য সতর্ককারী মাত্র।

-

তাফসীরে জাকারিয়া

(৫০) ওরা বলে, ‘তার প্রতিপালকের নিকট হতে তার কাছে নিদর্শনাবলী অবতীর্ণ করা হয় না কেন?’ বল, ‘নিদর্শন তো আল্লাহরই নিয়ন্ত্রণাধীন।[1] আর আমি তো একজন প্রকাশ্য সতর্ককারী মাত্র।’

[1] অর্থাৎ, এই সকল নিদর্শন কেবল আল্লাহরই হিকমত ও ইচ্ছাধীন। তিনি যার প্রতি অবতীর্ণ করতে চান, তার প্রতি অবতীর্ণ করেন। এতে আল্লাহ ছাড়া অন্য কারো কোন এখতিয়ার নেই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3390

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন